

💵 কসর ও জমা করে সালাত আদায় সম্পর্কে কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ মুসাফিরের সালাত ও অন্যান্য বিধি-বিধান নিয়ে কিছু প্রশ্নোত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৯ যে কেউ কসর করার নিয়্যতে সালাতে প্রবেশ করল, কিন্তু পরে ভুলে গিয়ে তৃতীয় রাকা'আতের জন্য দাঁড়িয়ে গেল, এমতাবস্থায় সে কি দ্বিতীয় রাকা'আতের বসায় ফিরে যাবে নাকি চার রাকা'আত আদায় করবে?

তার উপর কর্তব্য হচ্ছে দ্বিতীয় রাকাআতের বসায় ফিরে যাওয়া। কারণ এ লোকটি দু' রাকা'আত সালাত আদায় করার জন্যই সালাতে প্রবেশ করেছে, সুতরাং সে দু' রাকা'আতই পড়বে, এর বেশি করা তার জন্য জায়েয নেই। সুতরাং তার উপর কর্তব্য হচ্ছে তৃতীয় রাকা'আত থেকে ফিরে গিয়ে সালাত ফিরানো এবং সালামের পরে সাজদায়ে সাহু প্রদান করবে, কারণ সে সালাতে বর্ধিত কাজ করেছে।

আর এটা শাইখুল ইসলাম ইবন তাইমিয়্যা রহ, এর অভিমত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7306

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন